

বেরোবির অচলাবস্থা নিরসনে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি

রংপুর স্মারক
 রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে
 (বেরোবি) স্ট্র অচলাবস্থা নিরসনে
 প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি দিয়েছেন
 বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের
 নেতারা। পোমবার রংপুর বিভাগীয়
 কমিশনার ও বেরোবি সিডি কেট সদস্য
 দিপোয়ার বশতের মাধ্যমে দ্রুত হস্তক্ষেপ
 কামনা করে প্রধানমন্ত্রীর কাছে এই
 স্মারকলিপি দেয়া হয়। এ সময় উপস্থিত
 ছিলেন সিপিবি রংপুর জেলা শাখা সভাপতি
 শাহাদত হোসেন, গণতন্ত্রী পার্টির জেলা
 সভাপতি আরশাদ হারুন, জাসদের জেলা
 সাধারণ সম্পাদক সাখাওয়াত রাসা, বাসদ
 জেলা সমন্বয়ক আবদুল কুদ্দুস ও ৭১ ঘাতক
 দালাল নির্মূল কমিটির জেলা সভাপতি ডা.
 নফিজুল ইসলাম খান্ট। স্মারকলিপিতে তিনি
 ড. একেএম নূর-উন-নবীর কর্মস্থলে দীর্ঘদিন
 অনুপস্থিতি, অনিয়ম ও হেফজারিতার কারণে
 বিশ্ববিদ্যালয়ের সব কার্যক্রম স্থবিরতার কথা
 উল্লেখ করা হয়। ২০১৪-১৫ শিক্ষাবর্ষের
 স্নাতক (সম্মান) শ্রেণীর প্রধানবর্ষ উর্তিসহ সব
 একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম দ্রুত
 চালুর দাবি জানানো হয়। গত বছর ২৭
 অক্টোবর থেকে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-
 কর্মচারীদের একাংশ তিসির অপসারণসহ
 বিভিন্ন দাবিতে আন্দোলন চলছে।
 বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও একাডেমিক
 ভবনে ঝুলছে তালা। এ কারণে সেবানকার
 সব কার্যক্রম অচল হয়ে পড়েছে। এ নিয়ে
 সনস্কোতা বৈঠক হলেও কোনো সুরাহা
 হয়নি। তিনি অধ্যাপক ড. একেএম নূর-
 উন-নবীর তাদের এ ধরনের স্মারকলিপি
 দেয়াতে দুঃখ প্রকাশ করে বলেন, অন্যের
 কাছে গুনে কেউ যদি বলে আমি অনিয়ম,
 হেফজারিতা করেছি তাহলে তো হবে না।
 আমি নিয়ম মেনেই বিশ্ববিদ্যালয় পরিচালনা
 করছি এবং বর্তমানে রংপুরে বসেই
 বিশ্ববিদ্যালয় সচল করার চেষ্টা করছি।